



**Office of the Head**  
**Biotechnology and Genetic Engineering Discipline**  
**Khulna University, Bangladesh**



**এম এস ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি**

২০২২-২০২৩ সেশনে খুলনা বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই) ডিসিপ্লিনে এম এস ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**ভর্তির যোগ্যতা:**

- (ক) খুলনা বিশ্ববিদ্যালয় অথবা দেশী/বিদেশী অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অথবা বায়োটেকনোলজি/সমমান/সংশ্লিষ্ট বিষয়ে ৩/৪/৫ বছরের স্নাতক/স্নাতক (সম্মান) থাকতে হবে (উক্ত ডিগ্রী ইউজিসি কর্তৃক সমমানের ডিগ্রী হিসেবে স্বীকৃত হতে হবে)।
- (খ) প্রার্থীকে কমপক্ষে ১৬ বছর শিক্ষাকাল শেষ করতে হবে অথবা ৩ বছরের স্নাতক ডিগ্রী অর্জনকারীদের ক্ষেত্রে ১৫ বছর শিক্ষাকাল ও ২ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
- (গ) অ্যাপিয়ার্ড সার্টিফিকেট দিয়ে আবেদন করা যাবে তবে ক্লাস শুরুর পর থেকে ২ মাসের মধ্যে প্রয়োজনীয় সনদপত্র জমা দিতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- (ঘ) প্রার্থীকে কমপক্ষে ২য় শ্রেণি অথবা CGPA-2.50 সহ স্নাতক ডিগ্রীধারী হতে হবে।
- (ঙ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই দরখাস্তের সঙ্গে কর্মরত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগকর্তার নিকট থেকে সম্মতিপত্র প্রদান করতে হবে।

**আবেদনপত্র জমা ও সংযুক্তি:**

- (ক) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- (খ) বিজিই ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয় অফিস অথবা খুলনা বিশ্ববিদ্যালয়ের Website: [www.ku.ac.bd](http://www.ku.ac.bd) অথবা [ku.ac.bd/discipline/bge](http://ku.ac.bd/discipline/bge) থেকে এম এস প্রোগ্রামে ভর্তির নির্ধারিত ফরম ও নিয়মাবলী সংগ্রহ করে আবেদন করতে হবে। সরাসরি অথবা ডাকযোগে নিজ ঠিকানা সম্বলিত দশ টাকা মূল্যের ডাক টিকিট যুক্ত ১০"× ৪" ফেরত খামে আবেদনপত্র সংশ্লিষ্ট ডিসিপ্লিন প্রধানের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।
- (গ) শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার সার্টিফিকেট/Appeared Certificate; মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (ঘ) সভাপতি, এম এস ভর্তি কমিটি, বিজিই ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর ১,২০০/- (একহাজার দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। ভর্তি ফরম সংগ্রহ করে ১৫-১২-২০২২ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় সভাপতি, এম এস ভর্তি কমিটি, বিজিই ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮ এই ঠিকানায় পৌঁছাতে হবে।

**অন্যান্য তথ্যাবলী:**

- (ক) ভর্তি পরীক্ষার জন্য নির্বাচিত যোগ্য প্রার্থীর তালিকা ১৮-১২-২০২২ ইং তারিখে প্রকাশ করা হবে।
- (খ) প্রার্থীকে আগামী ২৭-১২-২০২২ ইং তারিখ সকাল ১১.০০ মিনিটে ৫০ নম্বরের (MCQ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তি পরীক্ষার পাশ নম্বর ৪০% এবং মেধাক্রম অনুযায়ী প্রথম ৪০ (চল্লিশ) জনকে ভর্তি করা হবে।
- (গ) ভর্তি পরীক্ষার ফলাফল ২৭-১২-২০২২ ইং তারিখ অপরাহ্নে প্রকাশ করা হবে।
- (ঘ) কৃতকার্য প্রার্থীদের ২৮-১২-২০২২ ইং তারিখ থেকে ২৯-১২-২০২২ ইং তারিখ অফিস চলাকালীন সময়ে ভর্তি করা হবে।
- (ঙ) কোর্স রেজিস্ট্রেশন ০১-০১-২০২৩ ইং তারিখ থেকে ০৫-০১-২০২৩ ইং তারিখ (জরিমানা ছাড়া) এবং ০৮-০১-২০২৩ ইং তারিখ থেকে ১২-০১-২০২৩ ইং তারিখ (জরিমানাসহ)।
- (চ) ০১-০১-২০২৩ ইং তারিখ থেকে ক্লাস শুরু হবে।

এম এস ভর্তি কমিটি ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত নেয়ার অধিকার সংরক্ষণ করে।

  
২০-১২-২০২২  
(প্রফেসর ড. শেখ জুলফিকার হোসেন)

ডিসিপ্লিন প্রধান

এবং সভাপতি, এম এস ভর্তি কমিটি

বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮।